# বুলুগুল মারাম

## হাদিস নাম্বারঃ ১০৭১

পর্ব - ৮ঃ বিবাহ (كتاب النكاح)

পরিচ্ছেদঃ ৭. তালাক্বের বিবরণ - নাবী (ﷺ) এবং তাঁর দুই সাহাবীর যুগে তিন তালাকের বিধান

### আরবী

وَعَنِ ابْنِ عَبَّاسٍ ‑ رَضِيَ اللَّهُ عَنْهُمَا ‑ قَالَ: كَانَ الطَّلَاقُ عَلَى عَهْدِ رَسُولِ اللَّهِ ‑ صلى الله عليه وسلم ‑ وَأَبِي بَكْرٍ, وَسَنَتَيْنِ مِنْ خِلَافَةِ عُمَرَ, طَلَاقُ الثَّلَاثِ وَاحِدَةٌ, فَقَالَ عُمَرُ بْنُ الْخَطَّابِ: إِنَّ النَّاسَ قَدْ اسْتَعْجَلُوا فِي أَمْرٍ كَانَتْ لَهُمْ فِيهِ أَنَاةٌ, فَلَوْ أَمْضَيْنَاهُ عَلَيْهِمْ? فَأَمْضَاهُ عَلَيْهِمْ. رَوَاهُ مُسْلِمٌ

صحيح. رواه مسلم (1472)

### বাংলা

১০৭১। ইবনু 'আব্বাস (রাঃ) থেকে বর্ণিত, তিনি বলেছেন, রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর যুগে এবং আবূ বকর সিদ্দীকের শাসনামলে ও 'উমার ফারুক (রাঃ)-এর প্রথম দুবছরের খেলাফতকাল পর্যন্ত একসঙ্গে প্রদত্ত তিন তালাককে একটিমাত্র তালাক গণ্য করা হতো। তারপর 'উমার (রাঃ) বললেন- লোক তো তালাক্ব সম্পাদনের সুযোগ গ্রহণ করে তাড়াহুড়ো করছে, এমতাবস্থায় যদি আমি ওটা (তিন তালাককে) তাদের উপর চালু করেই দিই! ফলে তিনি তিন তালাককে তাদের উপর চালু করেই দিলেন।[1]

### ফুটনোট

[1] মুসলিম ১৪৭২, নাসায়ী ৩৪০৬, নাসায়ী ২১৯৯, ২২০০।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন  বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবনু আব্বাস (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=70882

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন